# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৬১

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ বিপদ-আপদের সময় যে যিকির করলে, বিপদাপদ দূর হওয়ার আশা করা যায়

ذِكْرُ الشَّيْءِ الَّذِي إِذَا قَالَهُ الْمَرْءُ عِنْدَ الْكَرْبِ يُرْتَجَى لَهُ زَوَالُهَا عَنْهُ

---

আরবী

861 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ مُحَمَّدِ بْنِ عَرْعَرَةَ بْنِ الْبِرِنْدِ حَدَّثَنَا عَتَّابُ بْنُ حَرْبٍ أَبُو بِشْرٍ قَالَ: حَدَّثَنَا أَبُو عَامِرٍ الْخَزَّازُ عَنِ ابْنِ أَبِي مُلَيْكَةَ عَنْ عَائِشَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَمَعَ أَهْلَ بَيْتِهِ فَقَالَ: (إِذَا أَصَابَ أَحَدَكُمْ غَمٌّ أَوْ كَرْبٌ فَلْيَقُلِ: اللَّهُ اللَّهُ رَبِّي لَا أشرك به شيئاً)

اسْمُ أَبِي عَامِرٍ الْخَزَّازُ: صَالِحُ بْنُ رُسْتُمَ رُوِيَ لَهُ أَرْبَعُونَ حَدِيثًا مِنْ ثِقَاتِ أَهْلِ البصرة
الراوي : عَائِشَة ||المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 861 | خلاصة حكم المحدث: حسن صحيح.

বাংলা

৮৬১. আ'য়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর পরিবারের লোকদের একত্রিত করে বলেন, “যখন তোমাদের কারো দুশ্চিন্তা বা দুঃখ-কষ্ট পেয়ে বসে, সে যেন বলে, اللَّهُ اللَّهُ رَبِّي لَا أشرك به شيئاً (আল্লাহ, আল্লাহ আমার প্রতিপালক, তাঁর সাথে কোন কিছুকে শরীক করি না।)[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আবূ আমির আল খাযযায এর নাম হলো সালিহ বিন রুসতুম। তাঁর চল্লিশটি হাদীস রয়েছে। তিনি বসরাবাসী একজন নির্ভরযোগ্য রাবী।”

ফুটনোট

[1] মাজমা‘উয যাওয়াইদ: ১০/১৩৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/১৯৭; মুসনাদ আহমাদ: ৬/৩৬৯; আবূ দাঊদ: ১৫২৫; ইবনু মাজাহ: ৩৮৮২; তাবারানী আল কাবীর: ১২৭৮৮।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৭৫৫।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89364

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন